দর্শনায় কমিউনিটি লাইব্রেরী স্থাপনে মতবিনিময় সভা

দর্শনায় কৈশোর কর্মসূচী কমিউনিটি লাইব্রেরি স্থাপনে কিশোর-কিশোরিদের ভূমিকা বিষয়ক মতবিনিময় সভা এবং বুকসেলফ ও বই বিতরন অনুষ্ঠিত হয়েছে।

বুধবার দুপুর ১২ টার দিকে ওয়েভ ফাউন্ডেশনের ট্রেনিং হল রুমে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার সানজিদা বেগম।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দর্শনা থানার অফিসান ইনচার্জ ওসি এ এইচ এম লুৎফুল কবির,দর্শনা কেরুজ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুর রহিম,দর্শনা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক হুমায়ন কবির, দর্শনা প্রেসক্লাবের সভাপতি আওয়াল হোসেন, প্রোগ্রাম অফিসার কামরুজ্জামান যুদ্ধ, ইসমাইল হোসেন টিটো, পলাশ, কানিজ সুলতানা।

অনুষ্ঠান শেষে তিন স্কুলের ছাত্র ছাত্রীদের মাঝে বই তুলে দেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার সানজিদা বেগম। অনুষ্ঠানটি আয়োজন করেন ওয়েভ ফাউন্ডেশন ও সহযোগীতায় পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন।

দর্শনায় প্রবীনদের মাঝে সম্মাননা স্মারক বিতরণ

দর্শনায় প্রবীনদের মান উন্নয়নে শ্রেষ্ট প্রবীন ও শ্রেষ্ট সন্তানদের মাঝে সম্মাননা স্মারক বিতরণ ও প্রবীনদের মাঝে ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণ করা হয়েছে।

বুধবার সকাল ১১ টায় দর্শনা পুরাতন বাজার পৌর প্রবীন কমিটির কার্যলয় চত্বরে এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার সানজিদা বেগম।

দর্শনা পৌর প্রবীন কমিটির সভাপতি সাবেক উপাধ্যক্ষ মোশারফ হোসনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের সাবেক প্রশাসক ও দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি মাহফুজুর রহমান মনজু, প্রবীন কমিটির সাধারন সম্পাদক হাজী আকমত আলী, ওয়েভ ফাউন্ডেশনের সমৃদ্ধ কর্মকর্তা কামরুজ্জামান যুদ্ধ।

অনুষ্ঠানে ৫ জন শ্রেষ্ট সন্তানদের মধ্যে সম্মাননা স্মারক গ্রহন করেন, ঝিনাইদহ ম্যাটসের অধ্যক্ষ ও দর্শনা মুক্তি ক্লিনিকের পরিচালক শিশু বিশেষজ্ঞ ডাঃ মোঃ রফিকুল ইসলাম, বিশিষ্ট ব্যবসায়ী ও সমাজ সেবক আতিয়ার রহমান হাবু, দর্শনা পৌর প্যানেল মেয়র রবিউল ইসলাম সুমন, প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আরতি হালসানা, এবং লাভলুর রহমানকে মা বাবাকে দেখ ভাল করার জন্য সম্মাননা স্বারক প্রদান করা হয়।

একই সময় ৫ জন শ্রেষ্ট প্রবীন প্রাক্তন শিক্ষকদের মাঝে সম্মাননা ক্রেষ্ট তুলে দেওয়া হয়। সম্মাননা স্মারক প্রাপ্তরা হলেন দর্শনা মেমনগর বি ডি মাধ্যমিক বিদ্যালয়ের সাবেক শিক্ষক মুনাজির হোসেন, বদর উদ্দিন, বীর মুক্তিযোদ্ধা জাহাঙ্গীর আলম, বিশিষ্ট সমাজ সেবক হুমায়ন কবির,ও সিরাজুল ইসলামকে সম্মাননা স্মারক প্রদান করা হয়েছে।

অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা ও উপস্থাপনা করেন সাংবাদিক হানিফ মন্ডল।

কুষ্টিয়ায় চালের মোকামে অভিযান, লাখ টাকা জরিমানা

দেশের সরু চালের সব চেয়ে বড় মোকাম কুষ্টিয়ার খাজানগরের বেশ কয়েকটি চালকলে অভিযান পরিচালনা করেছে উপজেলা প্রশাসন ও খাদ্য বিভাগের যৌথ টিম। বুধবার দুপুর থেকে বিকেল পর্যন্ত খাজানগর

মোকামের ব্যাপারী অটো রাইস মিল ও ইফাদ অটো রাইস মিলের গোডাউনে হানা দেয় টিমের সদস্যরা।

এ সময় নিউ বনফুল ভি,আই,পি বাসমতি নামে ভুয়া ব্যান্ডরোল করে বাজারজাত করার অভিযোগে প্রতিষ্ঠানের মালিক আজিজুল ইসলাম কে ৫০ হাজার টাকা, মেসার্স ফোর ষ্টোর মোকামে অতিরিক্ত ধান ও চাল মজুদ রাখার অপরাধে ৫০ হাজার টাকা জরিমানা আদায় করে ভ্রাম্যমাণ আদালত। দুই প্রতিষ্ঠান মিলে এক লক্ষ টাকা জরিমানা করেন ভ্রাম্যমান আদালত।

ব্যাপারী রাইস মিলে ধান ও চালের তেমন মজুদ না থাকলেও ইফাদ অটো রাইস মিলের তিনটি গোডাউনে ধানের মজুত ছিলো কিছুটা বেশি। এ কারণে ওই মিল মালিককে সর্তক করে দেওয়া হয়। পর্যায়ক্রমে সব মিলে অভিযান পরিচালনা করা হবে বলে জানান টিমের সদস্যরা।

এ সময় সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সাধন কুমার বিশ্বাস, জেলা খাদ্য কর্মকর্তা সুবীর নাথ চৌধুরীসহ অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

মেহেরপুর বিশ্ব দুগ্ধ দিবস উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান

“পুষ্টি,পরিবেশ ও অর্থনৈতিক উন্নয়নে টেকসই দুগ্ধ শিল্প” এ প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরে বিশ্ব দুগ্ধ দিবস উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

বুধবার সন্ধ্যায় মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর মিলনায়তনে এ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা প্রশাসন ও জেলা প্রাণিসম্পদ দপ্তরের আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানে জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কৃষিবিদ মোঃ সাইদুর, জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক সাইদুর রহমান, জেলা প্রানীসম্পদ অফিসার মোঃ জাহাঙ্গীর আলম, উপজেলা সম্প্রসারণ

কর্মকর্তা মোঃ রহমত তুল্লাহ, আজহারুল হক প্রমুখ উপস্থিত ছিলেন।

এসময় জেলা শিল্পকলা একাডেমীর শিল্পীবৃন্দরা গান ও কবিতা পরিবেশন করে অতিথিদের মন জয় করে নেয়।

মুজিবনগরে আম গাছ থেকে পড়ে ১ শ্রমিক নিহত

মেহেরপুরের মুজিবনগর উপজেলাধীন শিবপুর গ্রামের বগা নামের এক ব্যাক্তির আম বাগানে আম পাড়তে গিয়ে গাছ থেকে পড়ে কালু (৫০) নামের এক শ্রমিকের মৃত্যু হয়েছে।

বুধবার দুপুর ২ টার সময় কুষ্টিয়া জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান কালু। তিনি মুজিবনগর উপজেলাধীন মোনাখালী ইউনিয়ন এর রামনগর গ্রামের মৃত: হিচাব আলীর ছেলে।

স্থানীয় সূত্রে জানা যায়, বুধবার সকালের দিকে মোনাখালী ইউনিয়নের শিবপুর গ্রামের বগার আম বাগানে শ্রমিক হিসাবে আম গাছে উঠে আম পাড়ছিলেন কালু। হঠাৎ গাছের ডাল ভেঙে মাটিতে পড়ে গুরুতর আহত হন তিনি। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান।

সেখানে শারীরিক অবস্থার অবনতি হলে তাকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে রেফার করেন চিকিৎসক।কুষ্টিয়া জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় দুপুর ২ টার দিকে তিনি মারা যান।

শেষ খবর পাওয়া পর্যন্ত কুষ্টিয়া জেনারেল হাসপাতাল থেকে লাশ থেকে নিজ বাসভবনে নিয়ে আনার প্রস্ততি চলছে।

গাংনীর পৃথক স্থানে সংঘর্ষে নারীসহ ৮ জন আহত

গাংনীর পৃথক তিনটি পল্লীতে জমি সংক্রান্ত বিরোধ ও পারিবারিক কলহের জের ধরে ৮ জন আহত হয়েছেন।
মঙ্গলবার সকালের দিকে কোদাইলকাটি, দুপুরের দিকে খড়মপুরে ও বিকালের দিকে মোহাম্মদপুর ও ধানখোলা গ্রামে এ সংঘর্ষের ঘটনা ঘটে।

আহতরা হলেন মোহাম্মাদপুর গ্রামের রাহিবুল ইসলাম ওরফে রকির স্ত্রী চাঁদনী খাতুন (২২), খরমপুর গ্রামের তৌহিদুল ইসলামের ছেলে মারুফ হোসেন (২৬), রেজাউল হকের স্ত্রীনাসিমা খাতুন (৫২), সিরাজুল ইসলামের ছেলে আলমগীর হোসেন (২৪), আব্দুল বারেক মোল্লার ছেলে আতিয়ার রহমান (৫৫), কোদাইলকাটি গ্রামের দসির উদ্দীনের ছেলে আবুল কাসেম ও মওলা বকস (৪৫) এবং ধানখোলা গ্রামের জমির উদ্দীনের ছেলে উজ্জল হহোসেন (৩০)।

মোহাম্মদপুর গ্রামের আহত চাঁদনী খাতুনের মা রেজিয়া খাতুন জানান, আমার মেয়ের বিয়ের পর থেকে তার শশুর মামুন হোসেন ও শাশুড়ি রাশেদা খাতুন নির্যাতন করে আসছে। মঙ্গলবার দুপুরের দিকে চাঁদনীকে বিনা কারনে, তার শশুর ও শাশুড়ি মিলে বাইলিট দিয়ে পিটিয়ে আহত করেছে।

কোদাইলকাটি গ্রামের আহত কাশেমের স্ত্রী রোকাইয়া ◌ানান, সকালের দিকে পৈত্রিক সম্পত্তি নিয়ে জমি মাপতে যান স্থানীয় মাঠে। সেখানে আমার ভাসুর মওলা বকস, রমজান আলী ও তার ছেলে হক সাহেব মিলে বাঁশ দিয়ে পিটিয়ে আহত করেছে। এসময় মওলা বকসও আহত হন।

এদিকে খড়মপুর গ্রামে জমি সংক্রান্ত বিরোধের জের ধরে উভয় পক্ষের ৪ জন আহত হন। আহতরা সবাই গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা নিচ্ছেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগে কর্মরত উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার (স্যাকমো) শরীফুল ইসলাম জানান, আহতদের মধ্যে কয়েকজন ভর্তি হয়ে চিকিৎসা নিলেও অধিকাংশ প্রাথমিক চিকিৎসা নিয়ে বাড়ি ফিরেছেন।

[redacted]

[redacted]

[redacted]

[

কারাদন্ড দিয়েছেন জেলা দায়রা জজ আদালতের বিচারক।

বুধবার (১ জুন) দুপুরে জেলা দায়রা জজ আদালতের বিচারক মো. ওয়ালিউল ইসলাম এ দন্ডাদেশ দেন।

দন্ডপ্রাপ্ত মাদক ব্যবসায়ী ঝন্টু আহমেদ জেলার গাংনী উপজেলার হাড়াভাঙ্গা গ্রামের জমির উদ্দিনের ছেলে।

৪৭ বর্ডারগার্ড বাংলাদেশ (বিজিবি) কাজীপুর বিওপি ক্যাম্পের একটি টীম ২০১৮ সালে তাকে ফেনসিডিলসহ আটক করে মামলা দিয়ে গাংনী থানায় সোপর্দ করেন।

অপরাধ প্রমানীত না হওয়ায় এই মামলায় অপর চার আসামিকে বেকুসুর খালাস দেওয়া হয়।

আদালত সূত্রে জানা যায়, ২০১৮ সালে ১ ডিসেম্বর গাংনী উপজেলার পীরতলা গ্রামে অভিযান চালিয়ে ঝন্টু আহমেদকে আটক করেন। ভারত থেকে ফেনসিডিল নিয়ে বাংলাদেশ সীমান্তে প্রবেশ করছিলেন ঝন্টু আহমেদ।তার কাছ থেকে ৫০৩ বোতল ফেনসিডিল জব্দ হয়।

বিজিবির পক্ষ থেকে আটক ঝন্টুসহ পাঁচ জনকে আসামি করে মাদকদ্রব্য নিয়ন্ত্রণে আইনে গাংনী থানায় মামলা দেয়া হয়।

দীর্ঘদিন মামলার সাক্ষ্যপ্রমাণ শেষে বুধবার দুপুরে আসামিদের এ দণ্ড দেন আদালত। এ সময় বাকি চার আসামি দোষী প্রমাণিত না হওয়ায় আদালত তাদের বেকসুর খালাস দেন।

আদালতে রাষ্ট্রপক্ষের আইনজীবী ছিলেন জেলা জজ কোটের পিপি অ্যাডভোকেট পল্লব ভট্টাচার্য্য এবং আসামিপক্ষে ছিলেন অ্যাডভোকেট কামরুল হাসান।

সাংবাদিক কাজলের ৩ মামলার

কার্যক্রম স্থগিত

পক্ষকাল পত্রিকার সম্পাদক ও ফটো সাংবাদিক শফিকুল ইসলাম কাজলের নামে দায়ের করা তিনটি মামলার কার্যক্রম স্থগিত করেছেন হাইকোর্ট। বুধবার (১ জুন) বিচারপতি এ এস এম আব্দুল মোবিন ও বিচারপতি মো.আতোয়ার রহমানের হাইকোর্ট বেঞ্চ দুই মাসের জন্যি এই তিনটি মামলার কার্যক্রম স্থগিত করেন।

সাংবাদিক শফিকুল ইসলাম কাজল মেহেরপুর শহরের কাশারীপাড়া এলাকার মৃতু মীর মনোয়ার হোসেনের ছেলে।

গত বছরের ৮ নভেম্বর ফটো সাংবাদিক কাজলের নামে ডিজিটাল নিরাপত্তা আইনের পৃথক তিন মামলায় চার্জ গঠনের মাধ্যমে বিচার শুরুর আদেশ দিয়েছেন ঢাকার সাইবার ট্রাইব্যুনালের বিচারক আসসামছ জগলুল হোসেন ।
রাজধানীর শেরে-বাংলা নগর, হাজারীবাগ ও কামরাঙ্গীরচর থানায় ওই তিনটি মামলা দায়ের হয়।
চার্জ শুনানিকালে সাংবাদিক কাজল আদালতে হাজির ছিলেন। তার পক্ষে ব্যারিস্টার জ্যোতির্ময় বড়ুয়া অব্যাহতি চেয়ে শুনানি করেন। রাষ্ট্রপক্ষ থেকে স্পেশাল পাবলিক প্রসিকিউটর নজরুল ইসলাম শামীম চার্জগঠনের প্রার্থনা করেন।
উভয়পক্ষের শুনানি শেষে আদালত সাংবাদিক কাজলের বিরুদ্ধে আনা অভিযোগ তাকে পড়ে শোনান।
এরপর তার কাছে জানতে চান, তিনি দোষী না নির্দোষ। এ সময় কাজল নিজেকে নির্দোষ দাবি করে ন্যায়বিচার প্রত্যাশা করেন।
এরপর আদালত তার বিরুদ্ধে চার্জ গঠনের আদেশ দেন। কাজলের আরেক আইনজীবী জাহেদুর রহমান এ তথ্য জানান।
পরে হাইকোর্টে আবেদন করেন কাজল
যুব মহিলা লীগ নেত্রী পাপিয়াকে জড়িয়ে সোশ্যাল মিডিয়ায় লেখালেখি করায় গত বছর ৯ মার্চ রাজধানীর শেরে বাংলা নগর থানায় কাজলসহ ৩২ জনের নামে ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা করেন মাগুরা-১ আসনের সরকার দলীয় সংসদ সদস্য সাইফুজ্জামান শেখর। এরপর ১০ ও ১১ মার্চ রাজধানী হাজারীবাগ ও কামরাঙ্গীরচর থানায় ডিজিটাল নিরাপত্তা আইনে আরও দুটি মামলা হয়।
মামলা হওয়ার পর গত বছর ১০ মার্চ সন্ধ্যায় রাজধানীর হাতিরপুলের ‘পক্ষকাল’ অফিস থেকে বের হওয়ার পর সাংবাদিক কাজল নিখোঁজ হন। ১১ মার্চ চকবাজার থানায় সাধারণ ডায়েরি করেন তার স্ত্রী জুলিয়া

ফেরদৌসি নয়ন। পরে ১৮ মার্চ রাতে কাজলকে অপহরণ করা হয়েছে অভিযোগ এনে চকবাজার থানায় মামলা করেন তার ছেলে মনোরম পলক।
ঢাকা থেকে নিখোঁজের ৫৩ দিন পর গত বছরের ২ মে রাতে যশোরের বেনাপোলের ভারতীয় সীমান্ত সাদিপুর থেকে অনুপ্রবেশের দায়ে ফটো সাংবাদিক কাজলকে আটক করে বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি)। পরদিন অনুপ্রবেশের দায়ে বিজিবির দায়ের করা মামলায় আদালতে সাংবাদিক কাজলের জামিন মঞ্জুর হলেও পরে কোতোয়ালি মডেল থানায় ৫৪ ধারায় আরেকটি মামলায় তাকে গ্রেফতার দেখানো হয়।
প্রায় সাড়ে আট মাস কারাভোগের পর গত বছর ২৫ ডিসেম্বর জামিনে মুক্তি পান কাজল।পরে তিন মামলায় কাজলের বিরুদ্ধে চার্জশিট দাখিল করলে মামলাটি বদলি হয়ে বিচারের জন্য সাইবার ট্রাইব্যুনালে আসে।

আদালতে আবেদনের পক্ষে ছিলেন আইনজীবী জ্যোতির্ময় বড়ুয়া। রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল সুজিত চ্যাটার্জি বাপ্পী।

মেহেরপুরে বিশ্ব দুগ্ধ দিবস ও উপকারভোগীদের মাঝে চেক বিতরণ

“পুষ্টি,পরিবেশ ও অর্থনৈতিক উন্নয়নে টেকসই দুগ্ধ শিল্প” এ প্রতিপাদ্যে মেহেরপুরে বিশ্ব দুগ্ধ দিবস পালিত হয়েছে।

দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধমে গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যশোর ও মেহেরপুর জেলায় সমবায় কার্যক্রম বিস্তৃতকরণ প্রকল্পের আওতায় কর্মসূচী পালিত হয়।

বুধবার সকাল ১০ টার সময় জেলা প্রাণিসম্পদ অফিস থেকে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে জেলা শিল্পকলা একাডেমীর চত্তরে গিয়ে শেষ হয় ।

শোভাযাত্রাতে নেতৃত্ব দেন জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কৃষিবিদ মোঃ সাইদুর রহমান। উপসহাকারি প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা ডাঃ শারমিন আক্তার, উপসহকারি প্রাণিসম্পদ কর্মকর্তা শফি উদ্দিনসহ

প্রাণিসম্পদ অফিসের কর্মকর্তা, কর্মচারী ও দুগ্ধ খামারীরা শোভাযাত্রায় অংশ নেন।

জেলা শিল্পকলা একাডেমী মিলনায়নে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান।

আলোচনা সভায় জুম কনফারেন্সের মাধ্যমে প্রধান অতিথির বক্তব্য রাখেন, জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন। বিশেষ অতিথির বক্তব্য রাখেন, খুলনা বিভাগের প্রকল্প পরিচালক ও বিভাগীয় যুগ্ম নিবন্ধক মোঃ মিজানুর রহমান।
অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের মেহেরপুর জেলা শাখার সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, জেলা সমবায় কর্মকর্তা প্রভাষ চন্দ্র বালা, প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা ডাঃ বশির আহমেদ।

আলোচনা পরবর্তীতে এআইএফ-২ প্রকল্পের আওতায় চপার মেশিন ও দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধমে গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যশোর ও মেহেরপুর জেলায় সমবায় কার্যক্রম বিস্তৃতকরণ প্রকল্পে উপকারভোগীদের চেক বিতরণ করা হয়।